দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 FEB 1990
পৃষ্ঠা ... ৩ ... কলাম ...

07

# ইসলামের নামে বিশৃংখলা সৃষ্টিকারীদের নিকট হইতে দূরে থাকুন —— এরশাদ

প্রেসিডেন্ট এরশাদ মাদ্রাসা শিক্ষকদের ইসলামের নামে যাহারা বিশৃঙ্খলা ও গোলযোগ সৃষ্টির চেষ্টা করিতেছে, তাহাদের নিকট হইতে দূরে থাকিয়া সমাজে শিক্ষা ও ইসলামের মূল্যবোধ প্রতিষ্ঠার জন্য ঐক্যবদ্ধভাবে তাহাদের শক্তি নিয়োজিত করার আহ্বান জানাইয়াছেন।

প্রেসিডেন্ট গতকাল (বৃহস্পতিবার) ঢাকায় বাংলাদেশ জামিয়াতুল মুদাররেসিন আয়োজিত মাদ্রাসা শিক্ষকদের অষ্টম মহা জাতীয় 'সম্মেলন-৯০' এ ভাষণ দানকালে বলেন, মাদ্রাসা শিক্ষকগণ সারা দেশে ইবতেদাই মাদ্রাসাকে শক্তিশালী করার মাধ্যমে সমাজ হইতে নিরক্ষরতার অভিশাপ দূর করিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিতে পারে।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এরশাদ

(১ম পৃঃ পর)

তিনি হর্ষধ্বনি ও শ্লোগানের মধ্যে ঘোষণা করেন, এ লক্ষ্যের প্রতি দৃষ্টি রাখিয়া সরকার প্রতিটি ইবতেদাই মাদ্রাসা শিক্ষকদের বছরে বেতন হিসাবে ৩৬ হাজার টাকা প্রদান করিবেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, দেশে ইবতেদাই মাদ্রাসার মান নিরূপণের জন্য একটি সমীক্ষা চালান হইতেছে। যেসব মাদ্রাসার শিক্ষকগণ প্রাথমিক স্কুলের মান অর্জন করিতে পারিবেন তাহাদের প্রাথমিক স্কুলের শিক্ষকদের সমান বেতন দেওয়া হইবে।

জমিয়াতুল মুদাররেসিনের সভাপতি মওলানা এম এ মান্নান এম পি'র সভাপতিত্বে এরশাদ জাতীয় প্যারেড স্কোয়ারে অনুষ্ঠিত এ সম্মেলনে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বক্তৃতা করেন।

সভা শেষে শর্ষিণার মরহুম পীর সাহেব হজরত শাহ আবু জাফর মোহাম্মদ সালেহ ও প্রেসিডেন্টের মরহুমা মাতা বেগম মজিদা খাতুনের জন্য আল্লাহ পাকের দোয়া প্রার্থনা করিয়া বিশেষ মোনাজাত করা হয়।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, তিনি কখনও এমন কোন প্রতিশ্রুতি দেন না যাহা তিনি পূরণ করিতে পারিবেন না। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার সিদ্ধান্তের কথা ঘোষণা করার সময় তিনি ইবতেদাই মাদ্রাসাকে শক্তিশালী করার বিষয়টিকে বিবেচনায় আনেন।

তিনি বলেন, দেশে বর্তমানে বিদ্যমান ৩৮ হাজার প্রাথমিক স্কুলের সঙ্গে কয়েক হাজার ইবতেদাই মাদ্রাসা শিশুদের প্রাথমিক শিক্ষা প্রদান করিতে পারে। সরকার মাদ্রাসা শিক্ষাকে সরকারের স্কুলের সমপর্যায়ে করিতে চান।

প্রেসিডেন্ট বলেন; সমাজে ইসলামের মূল্যবোধ প্রতিষ্ঠার জন্য তিনি সর্বাত্মক প্রচেষ্টা চালাইবেন। আল্লাহর প্রদর্শিত পথেই দেশের ১১ কোটি মানুষের বিভিন্ন সমস্যার সমাধান করা যাইবে।

প্রেসিডেন্ট বলেন, শিক্ষকদের প্রতি তাঁহার গভীর শ্রদ্ধা রহিয়াছে এবং সে জন্যই তিনি সমাজের প্রতিটি ক্ষেত্রে তাহাদের মর্যাদার সাথে প্রতিষ্ঠিত করার জন্য যথাসাধ্য চেষ্টা করিয়াছেন। এই মর্যাদা রক্ষায় শিক্ষকদেরও দায়িত্ব রহিয়াছে। সুতরাং শিক্ষকরা পরীক্ষার্থীদের নকল সরবরাহ করিতেছেন, কিংবা অন্যান্য অসদুপায়ে তাহাদের সাহায্য করিতেছেন, সংবাদপত্রে এমন কোন খবর যেন জনসাধারণের চোখে না পড়ে।

প্রেসিডেন্ট শর্ষিণার মরহুম পীর সাহেবের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন এবং তাঁহার প্রতি এই মহান আধ্যাত্মিক নেতার স্নেহ ও ভালোভাসার কথা স্মরণ করিয়া বলেন, ইসলাম প্রচারের জন্য তিনি সারা দেশে ঘুরিয়া বেড়াইয়াছেন এবং কখনও নিজের জন্য কিছু চাহেন নাই। ইসলামের শিক্ষা ও মূল্যবোধ প্রতিষ্ঠা করাই মরহুম পীর সাহেবের প্রতি শ্রদ্ধা নিবেদনের একমাত্র পথ।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, একটি ইসলাম রহিয়াছে, যাহা মহানবী হজরত মোহাম্মদ (দঃ) খুলাফায়ে রাশেদীন, সাহাবায়ে ইকরাম, গওসুল আজম ও অপরাপর সাধকগণ শরিয়াত মতে অনুসরণ করিয়াছেন।

তিনি স্বীয় স্বার্থে যাহারা ইসলামকে ব্যবহার করিতে চায় তাহাদের সম্পর্কে সতর্ক থাকার আহ্বান জানান। তিনি বলেন, জনগণ মওদুদীর ইসলাম গ্রহণ করেন নাই। মওদুদীর ইসলাম যাহারা অনুসরণ করিতে চায় আল্লাহ তাহাদের সুপথ প্রদর্শন করুন।

সম্মেলনে শেখ শহীদুল ইসলাম বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকার মাদ্রাসা শিক্ষাকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিতে চান।

মওলানা মান্নান বলেন, প্রেসিডেন্ট এরশাদের ন্যায় ইসলামের সেবায় অতীতে কেহ এমন করিয়া আত্মনিয়োগ করেন নাই।